

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
কুমিল্লা মেডিকেল কলেজ  
অধ্যক্ষের কার্যালয়

ড. আখতার হামিদ খান রোড, কুচাইতলী, কুমিল্লা।

web: comc.college.gov.bd, Email: comc@ac.dghs.gov.bd

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪-১০৫০

তারিখ : ০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয় : একাডেমিক কাউন্সিলের সভা  
সভাপতি : অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক  
অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।  
তারিখ : ০২/০৬/২০২৪ খ্রিঃ।  
সময় : সকাল- ০৯:০০ ঘটিকা।  
স্থান : কনফারেন্স রুম।

সভাপতি সম্মানিত হাসপাতালের পরিচালক ও সকল শিক্ষকগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	২০/০৫/২০২৪ ইং তারিখের বর্ধিত সভা	গত ২০/০৫/২০২৪ ইং তারিখের বর্ধিত সভার কার্যক্রম নিয়ে আলোচনা করেন অধ্যক্ষ মহোদয়।	বিগত বর্ধিত সভার কার্য বিবরণী পাঠ, গৃহীত ব্যবস্থা পর্যালোচনা শেষে অনুমোদিত হয়।	অধ্যক্ষ মহোদয়
২.	উপাধ্যক্ষ পদে পদায়ন	উপাধ্যক্ষ পদে পদায়ন নিয়ে আলোচনা	অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল হাসান চৌধুরী উপাধ্যক্ষ পদে পদায়ন পাওয়ায় একাডেমিক কাউন্সিল তাঁকে অভিনন্দন ও স্বাগতম জানায়। একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল হবে বলে মত প্রকাশ করা হয়।	অধ্যক্ষ মহোদয়
৩.	নতুন ছাত্র-ছাত্রী (কুম-৩৩)	কুম-৩৩ এর ওরিয়েন্টেশন ক্লাস ও ছাত্র-ছাত্রীদের হোস্টেলের আবাসিক ব্যবস্থা নিয়ে আলোচনা করেন হোস্টেল সুপার ডাঃ সুজিত কুমার সাহা।	আগামী ০৫/০৬/২০২৪ ইং তারিখ ১ম বর্ষের ওরিয়েন্টেশন ক্লাস অনুষ্ঠিত হইবে। ছাত্র-ছাত্রীদের হোস্টেলের আবাসিক ব্যবস্থার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। ১ম বর্ষের ওরিয়েন্টেশন ক্লাসে সম্মানিত সকল অধ্যাপক, বিভাগীয় প্রধান ও ইউনিট প্রধানদেরকে উপস্থিত থাকতে সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ মহোদয়
৪.	বিএসএমইউতে রেসিডেন্সিয়াল পোস্ট গ্রাজুয়েশান কোর্স	বিএসএমইউ রেসিডেন্সিয়াল পোস্ট গ্রাজুয়েশান কোর্সে ছাত্র-ছাত্রীদের আসন বৃদ্ধি নিয়ে আলোচনা	ডিসিএইচ, ডিজিও, ডিএমআরডি, ডি-অর্থো, ডিএলও কোর্সে ছাত্র-ছাত্রীদের আসন সংখ্যা বাড়ানোর জন্য আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ মহোদয়
৫.	কুমিল্লা মেডিকেল কলেজ শিক্ষক সমিতির জার্নাল এডিটর	জার্নাল এডিটর নিয়ে আলোচনা	শিশু বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ মোঃ আজিজুল হোসেন কে জার্নাল এডিটরের দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জার্নাল কমিটি

অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল হাসান চৌধুরী উপাধ্যক্ষ পদে পদায়ন পাওয়ায় অভিনন্দন জানানোর জন্য সবাইকে ধন্যবাদ জানান এবং একাডেমিক ও প্রশাসনিক কাজে সকল শিক্ষক/চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীর নিকট সহযোগিতা ও দোয়া চেয়ে বক্তব্য সমাপ্ত করেন।

নিউরোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ আবদুল্লাহ আল হাসান সকলের জন্য নাস্তার আয়োজন করায় অধ্যক্ষ মহোদয় ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



*(Handwritten signature)*  
08/06/28

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক)

অধ্যক্ষ

কুমিল্লা মেডিকেল কলেজ

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪-১০৫০(১০)

তারিখ : ০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দুঃআ:-সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দুঃআ:-পরিচালক (প্রশাসন)।
৩. পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৪. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৫. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৬. ফেইজ কো-অর্ডিনেটর-১/২/৩/৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৭. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট/লাইব্রেরী বিভাগ/, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৮. হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৯. জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, অফিস সহকারী (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব), মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা।
১০. অফিস কপি।

*(Handwritten signature)*  
08/06/28

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক)

অধ্যক্ষ

কুমিল্লা মেডিকেল কলেজ